

বৃষ্টি ওয়ালা

বৃষ্টিওয়ালা ডিসেম্বরের শীতে
হঠাৎ উদয় ঘরের দরোজায়
পারবে আমায় অমনি তুলে নিতে
তোমার খ্যাপা ছিপ নৌকাটায় ?

ছিপছিপে ছিপ তরতরিয়ে জল
সাঁতরে পেরোয় আকাশ দেখা নদ
শুকনো মিলে শ্রাবণ মেঘের দল
তোমার যাওয়া আসাতে সম্পদ !

পোষ পোষালীর মটরশুঁটির খেতে
লতিয়ে চলে রোদ সোহাগী শুঁটি
লাল টমেটো ভোরের মাদুর পেতে
টাটকা সুবাস ছিটোয় মুঠি মুঠি ।

এ কলকাতার অর্ধগ্রামের পথে
হঠাৎ তোমার দুঃসাহসী মুখ
ঠাণ্ডা আঙুল দীর্ঘদাহের ক্ষতে
দেশান্তরীর ডাক পেতে উন্মুখ ।

শতরূপা সান্যাল

